



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৪১৮

তারিখ: ১৬/১২/২০২৩ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে বিজয় দিবস পালিত

বিভিন্ন কর্মসূচীর মধ্য দিয়ে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে বিজয় দিবস পালিত হয়েছে। কর্মসূচীর মধ্যে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন, সকাল ১০.২০ টায় বিজয় র্যালি, সকাল ১০.৪০ টায় বিশ্ববিদ্যালয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, সকাল ১১.১৫ টায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও সংক্ষিপ্ত আলোচনা সভা এবং বিকাল ৪.৩০টায় সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়। এ দিনটি উপলক্ষ্যে ক্যাম্পাসে বঙ্গবন্ধুর ভাষণ ও দেশাত্ত্ববোধক গান পরিবেশনের পাশাপাশি প্রশাসনিক ভবন, মাননীয় উপাচার্যের বাংলো, বিশ্ববিদ্যালয় গেইট সংলগ্ন দেয়ালসমূহ ও হলসমূহের সম্মুখভাগে আলোক সজ্জিত করা হয়েছে।

শহীদ মিনার ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল ও বিভাগসহ শিক্ষক, কর্মকতা, কর্মচারী, শিক্ষার্থী, বাংলাদেশ ছাত্রলীগ কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখা এবং বিভিন্ন সংগঠন কর্তৃক পুষ্পস্তবক অর্পণ শেষে বঙ্গবন্ধু ভাস্কর্যের পাদদেশে সংক্ষিপ্ত আলোচনা সভায় মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন বলেন, ১৯৭১ সালের এই দিনে একটি মূল্যবোধকে সামনে রেখে মুক্তিকামী জনতা এদেশ স্বাধীন করেছে। স্বাধীনতার যে মূল্যবোধ সেটিকে নিয়ে আমাদেরকে সামনের দিকে এগিয়ে যেতে হবে। সেই মূল্যবোধ যেন দেশকে টিকিয়ে রাখে এবং গণতন্ত্র সুসংহত হয়। দেশের উন্নতি যাতে আরও প্রসারিত করতে পারে সেজন্য আমাদের ঐক্যবদ্ধ থাকতে হবে। তবেই এদেশের স্বাধীনতা তার পরিপূর্ণতা পাবে।

তিনি আরও বলেন, আমি মুক্তিযুদ্ধ স্বচক্ষে দেখেছি। সে সময় আমি দেখেছি পাকিস্তানী হানাদার বাহিনী কিভাবে এদেশের মানুষকে হত্যা করেছে। হায়েনার দল এদেশের মানুষকে হত্যা করে লাশ নদীতে ভাসিয়ে দিয়েছে। ১৯৭১ সালে শহীদদের আত্মত্যাগের বিনিময়ে আমরা পেয়েছি স্বাধীন বাংলাদেশ।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি